গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
*www.shed.gov.bd*

বিশ্ব শিক্ষক দিবস ২০২৩ উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি : ডা. দীপু মনি এম.পি.
মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ২০ সেপ্টেম্বর ২০২৩; রাত ০৮:০০ ঘটিকা।

সভাপতি ভার্চুয়াল সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ০৫ অক্টোবর "বিশ্ব শিক্ষক দিবস" 'খ' শ্রেণিভুক্ত দিবস হিসেবে মন্ত্রিসভায় অনুমোদন এবং মহামান্য রাষ্ট্রপতি এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সানুগ্রহ সম্মতি প্রদানের বিষয়টি মাননীয় মন্ত্রী সভাকে অবহিত করেন। সভাপতির অনুমতিক্রমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) জনাব মো: নজরুল ইসলাম আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ আলোচ্যসূচিসমূহের উপর আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

## ২। আলোচ্যসূচি-১: দিবসের মূল প্রতিপাদ্য বিষয় নির্ধারণ:

**আলোচনা:** সভায় জানানো হয় যে, UNESCO এ বছরের বিশ্ব শিক্ষক দিবসের জন্য "The teachers we need for the education we want: The global imperative to reverse the teacher shortage" শীর্ষক প্রতিপাদ্য নির্ধারণ করেছে। সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রতিপাদ্যের বাংলা "কাঙ্ক্ষিত শিক্ষার জন্য শিক্ষক: শিক্ষক স্বল্পতা পূরণ বৈশ্বিক অপরিহার্যতা" নির্ধারণের বিষয়ে সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে বিশ্ব শিক্ষক দিবস ২০২৩ এর প্রতিপাদ্য বিষয় হিসেবে "কাঙ্ক্ষিত শিক্ষার জন্য শিক্ষক: শিক্ষক স্বল্পতা পূরণ বৈশ্বিক অপরিহার্যতা" নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

## ৩। আলোচ্যসূচি-২: গুণী শিক্ষক সংবর্ধনা।

**আলোচনা:** আগামী ৫ অক্টোবর ২০২৩ তারিখে বিশ্ব শিক্ষক দিবসে গুণী শিক্ষকদের সংবর্ধনা প্রদান করা হবে। সময় স্বল্পতার কারণে এ বছর গুণী শিক্ষক নির্বাচনের বিষয়ে কোনো নীতিমালা প্রণয়ন করা সম্ভব হয়নি। তাই কোন্ পদ্ধতিতে এবং কিভাবে গুণী শিক্ষক নির্বাচন করা হবে সে বিষয়ে সভার সভাপতি মাননীয় শিক্ষামন্ত্রী সভায় অংশগ্রহণকারী সকলের মতামত চান। বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধি, উপাচার্যগণ এবং অন্যান্য সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মতামত ব্যক্ত করেন। সদস্যগণ বলেন, এত অল্প সময়ে গুণী শিক্ষক বাছাইয়ে মানদন্ড নির্ধারণ করে সারাদেশ থেকে জাতীয় পর্যায়ের জন্য গুণী শিক্ষক বাছাই করা সম্ভব নয়। তাই এ বছরের জন্য মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কারগরি ও মাদ্রাসা শিক্ষকদের জন্য জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩ এ প্রতিটি ক্যাটেগরি হতে নির্বাচিত ১ জন শ্রেষ্ঠ শিক্ষককে গুণী শিক্ষক হিসেবে সংবর্ধনা দেয়া যেতে পারে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে হতে অনুরূপ ১ জন শ্রেষ্ঠ শিক্ষককে গুণী শিক্ষক হিসেবে সংবর্ধনা দেযা যেতে পারে। এছাড়া বিশ্ববিদ্যালয় পর্যায়ে জাতীয় অধ্যাপকগণের মধ্যে বয়োজ্যেষ্ঠ ২ জন অধ্যাপককে (যার মধ্যে ১ জন চিকিৎসা সেবার সাথে সংশ্লিষ্ট জাতীয় অধ্যাপক) সংবর্ধনার জন্য মনোনীত করা যেতে পারে। বিস্তারিত আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

ক) ২০২৩ সালের জন্য মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কারগরি ও মাদ্রাসা শিক্ষকদের জন্য জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩ এ প্রতিটি ক্যাটাগরি হতে নির্বাচিত ১ জন শ্রেষ্ঠ শিক্ষককে এবং প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্য হতে অনুরূপ ১ জন শ্রেষ্ঠ শিক্ষককে গুণী শিক্ষক হিসেবে সংবর্ধনা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিশ্ববিদ্যালয় পর্যায়ে জাতীয় অধ্যাপকগণের মধ্যে বয়োজ্যেষ্ঠ ২ জন অধ্যাপককে (যার মধ্যে ১ জন চিকিৎসা সেবার সাথে সংশ্লিষ্ট জাতীয় অধ্যাপক) সংবর্ধনার জন্য মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) পরবর্তী বছরে নীতিমালা প্রণয়নপূর্বক গুণী শিক্ষক বাছাই কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়নে:** (ক) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ/ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(খ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর নীতিমালা প্রণয়নে সাচিবিক দায়িত্ব পালন করবে।

## ৪। আলোচ্যসূচি-৩: দৈনিক পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ অথবা জাতীয় পর্যায়ে অনুসরণীয় ব্যক্তি বা বিশিষ্ট শিক্ষাবিদের স্বল্প দৈর্ঘ্যের অডিও ভিজ্যুয়াল ভাষণ/বার্তা প্রচার:

**আলোচনা:** সভায় আলোচনা হয় যে, উন্মুক্ত বিশ্ববিদ্যায়ের উপাচার্য মহোদয়কে আন্তঃমন্ত্রণালয় কমিটিতে কো-অপ্ট করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য জনাব হাসিনা খান, জাতীয় বিশ্ববিদ্যলয় এবং উন্মুক্ত বিশ্ববিদ্যায়ের উপাচার্য মহোদয়গণের তত্ত্বাবধানে স্বল্প দৈর্ঘ্যের একটি অডিও ভিজ্যুয়াল ডকুমেন্ট তৈরি করা যেতে পারে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে মোবাইলে ক্ষুদে বার্তা প্রদান এবং বহুল প্রচারিত একটি বাংলা এবং একটি ইংরেজী পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, টিভি স্ক্রলে ও মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচার করার বিষয় আলোচনা হয়।

**সিদ্ধান্ত:**

ক) উন্মুক্ত বিশ্ববিদ্যায়ের উপাচার্য মহোদয়কে আন্তঃমন্ত্রণালয় কমিটিতে কো-অপ্ট করতে হবে।

খ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য জনাব হাসিনা খান, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়গণকে স্বল্প দৈর্ঘ্যের একটি অডিও ভিজ্যুয়াল ডকুমেন্ট তৈরির দায়িত্ব প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) সকল শিক্ষকদের শুভেচ্ছা জানিয়ে মোবাইলে ক্ষুদে বার্তা প্রদান করতে হবে।

ঘ) সংশ্লিষ্টদের বাণীসহ বহুল প্রচারিত একটি বাংলা এবং একটি ইংরেজী পত্রিকায় ক্রোড়পত্র প্রচারসহ ডিজিটাল মাধ্যমে দিবসের প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** জনাব হাসিনা খান, সদস্য, ইউজিসি, উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/সংশ্লিষ্ট উপকমিটি।

## ৫। আলোচ্যসূচি-৪: প্রতিষ্ঠান পর্যায়ে শিক্ষক সমাবেশ এবং র‍্যালি/আলোচনা সভা/সেমিনার:

**আলোচনা:** প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্ব শিক্ষক দিবস উদযাপনের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের ভূমিকা এবং শিক্ষকদের প্রতি শিক্ষার্থীসহ সকলের শ্রদ্ধাবোধ এবং সম্মান বৃদ্ধির লক্ষ্যে সচেতনতা তৈরিতে প্রাক্তন এবং বর্তমানে কর্মরত শিক্ষক এবং শিক্ষার্থীসহ অংশীজনদের অংশগ্রহণে সকল শিক্ষা প্রতিষ্ঠানে র‍্যালি/আলোচনা সভা/সেমিনার অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত:** শিক্ষা প্রতিষ্ঠান নিজ উদ্যোগে শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের ভূমিকা এবং শিক্ষকদের প্রতি শিক্ষার্থীসহ সকলের শ্রদ্ধাবোধ এবং সম্মান বৃদ্ধির লক্ষ্যে সচেতনতা তৈরিতে প্রাক্তন এবং বর্তমানে কর্মরত শিক্ষক এবং শিক্ষার্থীসহ অংশীজনদের অংশগ্রহণে ০৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে র‍্যালি /আলোচনা সভা/সেমিনারের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/সচিব,স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/ চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

## ৬। আলোচ্যসূচি-৫ বিবিধ

**ক)** ০৫ অক্টোবর ২০২৩ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠেয় কর্মসূচি শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে এবং স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী কে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

**খ)** অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখবেন সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

**গ)** অনুষ্ঠানে একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হবে, যা এনসিটিবি প্রস্তুত করবে।

**ঘ)** শিক্ষক দিবসের প্রতিপাদ্যের সাথে সংগতি রেখে শিক্ষা ও শিক্ষকের বর্তমান অবস্থা, প্রয়োজন এবং চ্যালেঞ্জ বিষয়ে অনুষ্ঠানে একটি প্রবন্ধ উপাস্থাপন করা হবে। প্রবন্ধ উপস্থাপন করবেন ড. লাফিফা জামাল, অধ্যাপক, রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

**ঙ)** অনুষ্ঠানের জন্য বিভিন্ন পর্যায়ের শিক্ষকসহ ৯০০ জন অতিথিকে আমন্ত্রণ জানানো হবে এবং তাদের দুপুরের আপ্যায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

**চ)** অনুষ্ঠানে আগত শিক্ষকসহ অতিথিদের উপহার স্বরূপ স্যুভেনির দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ইউনেসকো কে উপহার সামগ্রী সরবরাহের জন্য অনুরোধ করা যেতে পারে।

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত ২৫/০৯/২০২৩
(ডা. দীপু মনি এম.পি.)
মাননীয় মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.০৪.০০১.১৭.২১৬

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০ / ২৫ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা [দৃ. আ.- জনাব মো. শাফায়াত মাহবুব চৌধুরী, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা [দৃ. আ.- জনাব শেখ মোমেনা মনি, অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৩) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা [দৃ. আ.- জনাব মো. হাসানুল মতিন, অতিরিক্ত সচিব (রা: প্র: অনুবিভাগ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪) সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, ঢাকা।
৭) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
৮) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
৯) উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০) উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), পলাশী, ঢাকা।
১১) উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।
১২) উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

১৩) উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১৪। উপাচার্য, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১৫) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬) অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৭) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
১৮-২১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা/ কারিগরি শিক্ষা অধিদপ্তর/ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২২) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
২৩) সৈয়দ মনজুরুল ইসলাম (শিক্ষাবিদ), অধ্যাপক, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস, সাত মসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা।
২৪) ড. হাসিনা খান (শিক্ষাবিদ), সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (haseena@du.ac.bd)।
২৫) ড. কাজী খলীকুজ্জমান আহমদ (শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ), সভাপতি, ঢাকা স্কুল অব ইকোনমিক্স (qk_ahmad@yahoo.com)।
২৬) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ধানমন্ডি, ঢাকা।
২৭) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২৮) Head of UNESCO, Dhaka Office.
২৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩০-৩১) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীকে অবহিত করার অনুরোধসহ)।
৩৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীকে অবহিত করার অনুরোধসহ)।
৩৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীকে অবহিত করার অনুরোধসহ)।
৩৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রীকে অবহিত করার অনুরোধসহ)।
৩৬) সদস্য সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস ভবন, পলাশী, ঢাকা।
৩৭) সদস্য সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাষ্ট, ব্যানবেইস, পলাশী, ঢাকা।
৩৮) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
৩৯) অফিস কপি।

২৫/০৯/২৩

(মো. মনিরুল ইসলাম মিলন)
সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৮৪৫৮২